**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল এপ্রিলে অতিরিক্ত খাদ্য সহায়তার জন্য 232 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

## *সকল SNAP গৃহস্থালি এই মাসে সর্বোচ্চ মাত্রার খাদ্য ভাতা পাবে*

## *জানুয়ারি থেকে 696 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সম্পূরক ভাতা বিতরণ করা হয়েছে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (Supplemental Nutrition Assistance Program, SNAP) অন্তর্ভুক্ত সকল নিউ ইয়র্কবাসীরা এপ্রিল মাসে সর্বোচ্চ অনুমোদিত খাদ্য ভাতা পাবে। সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) অংশগ্রহণকারী সকল গৃহস্থালি - ইতিমধ্যে যারা সর্বোচ্চ স্তরের সুবিধা পাচ্ছেন তারা সহ - এই মাসেই একটি অতিরিক্ত সম্পূরক বরাদ্দ পাবে, যা স্টেটের অর্থনীতিতে প্রায় 232 মিলিয়ন ডলার ফেডারেল তহবিল নিয়ে আসবে।

"কোনও নিউ ইয়র্কবাসীর কখনো খাদ্য অনিরাপত্তার মতো হৃদয় বিদারক সম্ভাবনার সম্মুখীন হওয়া উচিত না," **গভর্নর হোকল বলেন।** "অভাবীদের সর্বোচ্চ মাত্রার খাদ্য ভাতা প্রদান করার মাধ্যমে, আমরা কোভিড-19 সঙ্কট থেকে আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধার অব্যাহত রক্ষার সময়ে, কষ্টে থাকা গৃহস্থালিগুলির দৈনিক চাহিদা পূরণ করতে পারি এবং তাদের মুখে খাবার তুলে দিতে পারি।"

নিউ ইয়র্ক সিটির বাইরে সকল কাউন্টিতে SNAP গৃহস্থালিগুলি 22 এপ্রিল, শুক্রবারের মধ্যে এই বাড়তি ভাতা পাওয়ার কথা। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির SNAP গৃহস্থালিগুলির 29 এপ্রিল, শুক্রবারের মধ্যে তাদের বাড়তি ভাতা পাওয়ার কথা।

জরুরি সহায়তা সম্পূরক সকল গৃহস্থালিকে প্রদান করা হবে, যার মধ্যে নিয়মিতভাবে প্রতি মাসে SNAP থেকে সর্বোচ্চ অনুমিত ভাতা পাওয়া গৃহস্থালিও থাকবে, SNAP টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) তত্ত্বাবধান করা একটি ফেডারেলভাবে অর্থায়িত কর্মসূচি। যেসকল গৃহস্থালি ইতিমধ্যে সর্বোচ্চ ভাতা বা তার কাছাকাছি পাচ্ছে, যা হলো চার সদস্যের গৃহস্থালির জন্য 835 মার্কিন ডলার, তারা কমপক্ষে 95 মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট পাবে।

2020 সালের এপ্রিল থেকে OTDA সর্বোচ্চ মাসিক পরিমাণের চেয়ে কম সুবিধা পাওয়া SNAP পরিবারগুলোকে জরুরি সম্পূরক সুবিধা প্রদান করা শুরু করেছে। যখন 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ হয়, তখন এজেন্সিটি ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত, যা এখন জুন পর্যন্ত সম্প্রসারণ করা হবে বলে আশা করা যাচ্ছে, সকল SNAP গৃহস্থালির জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করার জন্য ফেডারেল সরকারের সাথে কাজ করেছে।

SNAP ভাতা এছাড়াও নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুদ্ধারে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এই বছরে স্টেটের অর্থনীতিতে 696 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে। মার্কিন অর্থনীতিতে SNAP-র প্রভাবের সংখ্যা নির্ধারণকারী একটি ফেডারেল গবেষণা অনুযায়ী, SNAP দ্বারা বিনিয়োগ করা প্রতি ফেডারেল মার্কিন ডলার 1.54 মার্কিন ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে।

**টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "এই সম্পূরক ভাতাগুলি নিউ ইয়র্কবাসীদের বৈশ্বিক মহামারী দ্বারা বর্ধিত খাদ্য অনিরাপত্তা এড়াতে ব্যাপকভাবে সাহায্য করেছে। অভাবী গৃহস্থালিগুলিকে সাহায্য করার পাশাপাশি, তহবিলটি স্থানীয় খুচরা বিক্রেতাদের জন্য একটি স্বাগত বিক্রি বর্ধন করছে এবং আমাদের স্টেটের পুরো অর্থনীতিকে শক্তি প্রদান করছে।"

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন,** "কোনও নিউ ইয়র্কবাসীকে পরের বেলার খাবার কথা থেকে আসবে এই দুশ্চিন্তা করতে হওয়া উচিত নয়। সেইজন্য আমি মহামারী চলাকালীন 2021 এর কনসলিডেটেড অ্যাপ্রোপ্রিয়েশনস অ্যাক্টের (Consolidated Appropriations Act) মাধ্যমে, এবং পুনরায় আমেরিকান উদ্ধার পরিকল্পনার (American Rescue Plan) মাধ্যমে SNAP ঐতিহাসিক পরিমাণ বৃদ্ধি করতে লড়াই করেছি। আমরা কষ্টে থাকা পরিবারের মুখে খাবার তুলে দিতে সাহায্য করতে ফেডারেল তহবিলে এই অতিরিক্ত সংযোজনের জন্য আমাদের চেষ্টা আরো বৃদ্ধি করেছি। অনেক নিউ ইয়র্কবাসীর জন্য SNAP একটি লাইফলাইন এবং কোনও নিউ ইয়র্কবাসী যাতে ক্ষুধার্ত না থাকে বা অবহেলিত না হয় তা নিশ্চিত করতে ফেডারেল সংস্থান আনার জন্য আমি সর্বদা লড়াই করে যাবো।"

**সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন,** "খাদ্যের বর্ধিত মূল্য যখন নিউ ইয়র্কবাসীর বাজেটে চাপ প্রদান করছে, তখন এই বাড়তি SNAP তহবিল স্টেটব্যাপী লাখ লাখ ব্যক্তি ও পরিবারকে একটি লাইফলাইন প্রদান করবে। আমি অভাবীদের জন্য অতি গুরুত্বপূর্ণ এই সহায়তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি এবং ক্ষুধা নিবারণে একত্রে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

**প্রতিনিধি আদ্রিয়ানো এস্পিয়াত বলেন,** "কোভিড-19 মহামারীর চূড়ান্ত সময়ে, বেকারত্ব রেকর্ড 14 শতাংশে গিয়ে পৌঁছে যেহেতু আমেরিকা ব্যাপক ছাটাই, লম্বা সাময়িক ছুটি, এবং কর্মস্থল বন্ধ হয়ে যাওয়ার সম্মুখীন হয়েছে। প্রাদুর্ভাব শুরু হওয়ার সময় খাদ্য অনিরাপত্তা টিপিং পয়েন্টে ছিলো এবং এই কঠিন সময়ে পরিবারগুলিকে টিকে থাকতে সাহায্য করার জন্য SNAP ভাতা অতি গুরুত্বপূর্ণ ছিলো। SNAP বৃদ্ধি করার জন্য অতিরিক্ত সম্পূরক সহায়তার সর্বশেষ

ঘোষণাটি নিউ ইয়র্কের পুনরুদ্ধার চলাকালীন পরিবারগুলিকে স্বাভাবিক জীবনে ফেরত যেতে সাহায্য করার জন্য আমাদের প্রতিশ্রুতি ও প্রচেষ্টাকে পুনরায় নিশ্চিত করে।"

**প্রতিনিধি শন প্যাট্রিক ম্যালোনি বলেন,** "SNAP-র মতো কর্মসূচিগুলি লাখ লাখ নিউ ইয়র্ক পরিবারের জন্য লাইফলাইনের মতো, এটি সবথেকে বেশি যাদের প্রয়োজন তাদের মুখে খাবার তুলে দিতে সাহায্য করে। কোভিড ত্রাণ বিধিমালায় SNAP তহবিল অন্তর্ভুক্ত করা নিশ্চিত করার জন্য আমি জোর লড়াই করেছি যাতে করে কোনও পরিবারকে পরের বেলার খাবার কোথা থেকে আসবে সেই দুশ্চিন্তা না করতে হয়। আমি গভর্নর হোকলের প্রশংসা করছি অত্যাবশ্যকীয় কর্মসূচিতে সর্বোচ্চ ভাতা বিতরণ অব্যাহত রাখার জন্য যাতে করে অভাবী নিউ ইয়র্কবাসীরা তাদের পরিবারকে খাবার দিতে পারে।"

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসে যোগ হবে।

নিউ ইয়র্কবাসীরা SNAP-এর উপর অনেক বেশি নির্ভর করে চলেছে, ফেব্রুয়ারি মাসে স্টেটজুড়ে প্রায় 1.6 মিলিয়ন পরিবার এই কর্মসূচিতে সংযুক্ত হয়েছে। ফেব্রুয়ারি মাসে আনুমানিক 2.8 মিলিয়ন নিউ ইয়র্কবাসী ভাতা পেয়েছে, যা 2021 সালের জুন মাসের পর থেকে সর্বোচ্চ।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য এখানে পাবেন। mybenefits.ny.govওয়েবসাইটে গিয়ে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর জন্য তাদের উপযুক্ততা যাচাই করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন